## নয়া দিগন্ত

### চিকিৎসাধীন নুর, মেঘমল্লার ও নাজমুলকে দেখতে গেলেন ঢাবি ভিসি


সাবেক ডাকসু ভিপি নুরকে হাসপাতালে দেখতে যান ঢাবি ভিসি ড. নিয়াজ আহমদ খান ■ নয়া দিগন্ত

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান ৩ সেপ্টেম্বর, ঢামেক হাসপাতালে চিকিৎসাধীন ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) সাবেক ভিপি নুরুল হক নুর, আসন্ন ডাকসু নির্বাচনের সাধারণ সম্পাদক (জিএস) পদপ্রার্থী মেঘমল্লার বসু ও শিক্ষার্থী নাজমুল হাসানকে দেখতে যান।

এ সময় তার সাথে ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ এবং শহীদ সার্জেন্ট জহুরুল হক হলের প্রভোস্ট অধ্যাপক ড. মো: ফারুক শাহ।

তিনি চিকিৎসাধীন তিনজনের শারীরিক অবস্থার খোঁজখবর নেন এবং তাদের চিকিৎসক ও পরিবারের সদস্যদের সাথে আলাপ করেন। তিনি তাদের দ্রুত সুস্থতা কামনা করেন। বিজ্ঞপ্তি।

## আলোকিত বাংলাদেশ



### নুর, মেঘমল্লার ও নাজমুলকে দেখতে হাসপাতালে ঢাবি ভিসি

আলোকিত ডেস্ক । ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান হাসপাতালে চিকিৎসাধীন ডাকসুর সাবেক ভিপি নুরুল হক নুর, আসন্ন ডাকসু নির্বাচনে সাধারণ সম্পাদক (জিএস) পদপ্রার্থী মেঘমল্লার বসু ও শিক্ষার্থী নাজমুল হাসানকে দেখতে গিয়েছেন। গত বুধবার রাতে তাদের দেখতে হাসপাতালে যান তিনি। এ সময় উপাচার্যের সঙ্গে ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ এবং শহীদ সার্জেন্ট জহুরুল হক হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. ফারুক শাহ। উপাচার্য চিকিৎসাধীন তিনজনের শারীরিক অবস্থার খোঁজখবর নেন এবং তাদের চিকিৎসক ও পরিবারের সদস্যদের সঙ্গে আলাপ করেন। তিনি তাদের দ্রুত সুস্থতা কামনা করেন। সূত্র: সংবাদ বিজ্ঞপ্তি

## The New Age


Dhaka University vice-chancellor Professor Niaz Ahmed Khan visits former Meghmallar Basu, a candidate for general secretary in the upcoming DUCSU election, undergoing treatment in Dhaka Medical College and Hospital, on Wednesday.
— Focus Bangla photo

# ইত্তেফাক

## ডাকসু নির্বাচন-২০২৫





ডাকসু নির্বাচনকে সামনে রেখে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ে গণসংযোগ করেন ভিপি প্রার্থী উমামা ফাতেমা (বাঁয়ে) ও স্বতন্ত্র ঐক্য প্যানেলের জিএস প্রার্থী আল সাদী ভূঁইয়া (ডানে) —সোহেল রেজা

# সাইবার বুলিং আতঙ্কে প্রার্থীরা

### কঠোর পদক্ষেপ নেওয়ার ঘোষণা নির্বাচন কমিশনের, শিক্ষকদের নিয়ে গঠিত হচ্ছে স্বতন্ত্র পর্যবেক্ষণ টিম, ইশতেহার ঘোষণা আরো দুই প্যানেলের

পৃষ্ঠা ৬ কলাম ৫

# প্রচারণায় সরগরম ক্যাম্পাস, গুরুত্ব পাচ্ছেন নারী ও সংখ্যালঘু ভোটাররা

## জাকসু নির্বাচন

পৃষ্ঠা ৬ কলাম ২

# ডাকসু নিয়ে জুলিয়াসের রিট কার্যতালিকা থেকে বাদ

■ ইত্তেফাক রিপোর্ট

পৃষ্ঠা ১৯ কলাম ৪

## ডাকসু নিয়ে জুলিয়াসের

প্রথম পৃষ্ঠার পর

## The Daily Star

# Campaigns ramp up as Ducsu polls draw closer



**Candidates for the Ducsu elections campaigned vigorously yesterday, with only three days left before the campaign period ends. However, today and tomorrow are holidays, so Sunday marks the final day of campaigning.** PHOTO: PRABIR DAS

DU CORRESPONDENT

Candidates for the elections to the Ducsu and hall unions had a busy day of campaigning yesterday, with only three days left before the campaign period ends.

According to the election schedule, today and tomorrow will be holidays, and Sunday will be the last day for campaigning.

The elections are scheduled for September 9, and campaigning must conclude 24 hours before the elections.

Yesterday, the university administration met Ducsu candidates running for vice president, general secretary, and assistant general secretary posts to discuss the latest developments.

Meanwhile, candidates visited various faculties to engage with non-residential and female students, while in the evening, they went door-to-door at male dormitories.

The Islami Chhatra Shibir-backed panel held its projection meeting at Bangladesh Kuwait Maitree Hall, while Chhatra Dal organised their meeting at Samsun Nahar Hall.

The Boishommo Birodhi Shikkharthi Sangsad panel, of Bangladesh Gonotantrik Chhatra Sangsad (BGCS) panel did not hold any meeting yesterday. Instead, they continued their door-to-door campaign.

Divided into three teams led by their candidates for the top three posts, they campaigned among non-residential and female voters, particularly in the science faculties at Mokarrom and Kazi Motaher Hossain areas.

Two Ducsu panels unveiled their manifestos yesterday. One of them, Samannito Shikkharthi Sangsad, led by VP candidate Jamal Uddin Khalid and GS candidate Mahin Sarker, focuses on the university's development.

Jamal, the former president of Islami Shasantantra Chhatra Andolon's DU unit, and Mahin, the former joint member secretary of the National Citizen Party, stated in their manifesto that DU would be their top priority if elected. They want DU to lead the fourth industrial revolution, they said.

The panel's pledges include assisting DU students with preparations for global examinations like IELTS, GRE, and TOEFL, modernising the university curriculum, promoting cultural independence, and introducing a "one student, one laptop" programme. They also pledged to digitalise the university, among other initiatives.

The other panel, Biplobi Chhatra Parishad, also unveiled their manifesto, which includes a commitment to work towards placing the university in the top 100 global rankings and ensuring the university operates as a truly autonomous body.

The VP candidate for the panel is Abdul Wahed of the Arabic department, and the executive member candidate is Muhib Khan of the marketing department.

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

২১ ভাদ্র ১৪৩২

# DU in Media

05 September 2025

## সংবাদ



# ডাকসু নির্বাচন: দুই প্যানেলের ইশতেহার ঘোষণা

প্রতিনিধি, ঢাবি

ডাকসু স্থগিতের রিট বাতিল

আট তারিখ রাত থেকে ঢাবির সব প্রবেশপথ বন্ধ

পৃষ্ঠা : ২ ক : ৫

## ডাকসু নির্বাচন: দুই প্যানেলের ইশতেহার ঘোষণা

(১২ পৃষ্ঠার পর)

## প্রতিদিনের সংবাদ



ডাকসু নির্বাচন উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে চলছে প্রার্থীদের জোরালো প্রচার। গতকালের ছবি ● প্রতিদিনের সংবাদ

# জমজমাট প্রচারে উৎসবমুখর ঢাবি

● বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনে [illegible] প্রচারে মুখর হয়ে উঠেছে ক্যাম্পাস। ৯ সেপ্টেম্বরের ভোট নিয়ে বিরাজ করছে উৎসবের আমেজ। শিক্ষার্থীদের মনোযোগ আকর্ষণ করতে মিছিল, গণসংযোগ ও লিফলেট বিতরণ করছেন প্রার্থীসহ সমর্থকরা। জমজমাট প্রচার উপভোগ করছেন শিক্ষার্থীরাও। পক্ষে-বিপক্ষে অভিযোগ পাল্টা অভিযোগ এলেও এখনো পর্যন্ত ক্যাম্পাসে কোনো অপ্রীতিকর ঘটনা ঘটেনি। গতকাল বৃহস্পতিবার দুপুরে ঢাবি ক্যাম্পাসের টিএসসি, মধুর ক্যান্টিন, কলাভবন, কেন্দ্রীয় গ্রন্থাগার ও সামাজিক বিজ্ঞান অনুষদে সরেজমিন ঘুরে দেখা গেছে এসব চিত্র।

দেখা যায়, নিজেদের পক্ষে ভোট চেয়ে শিক্ষার্থীদের দৃষ্টি আকর্ষণের চেষ্টা করছেন প্রার্থী ও সমর্থকরা। ক্যাফেটেরিয়া, লাইব্রেরি, মিলনায়তন ও অনুষদ- যেখানে শিক্ষার্থীদের পাচ্ছেন, সেখানেই ছুটে যাচ্ছেন প্রার্থীরা। অনেকেই প্রতিশ্রুতি আদায় করছেন। কোনো কোনো প্যানেল মিছিল করছে। আবার অনেকে ছোট ছোট গ্রুপে বিভক্ত হয়ে গণসংযোগ করছেন। অনেক প্রার্থী বিভিন্ন গণমাধ্যমে সাক্ষাৎকার দিচ্ছেন। গতকাল দুপুরে মধুর ক্যান্টিনের সামনে থেকে মিছিল বের করে বাম সংগঠনগুলোর প্যানেল 'প্রতিরোধ পরিষদ'। তারা নিজেদের পক্ষে বিভিন্ন স্লোগান দেন। মিছিলটি বিভিন্ন অনুষদ প্রদক্ষিণ করে।

কলাভবনের সামনে 'ঐক্যবদ্ধ শিক্ষার্থী জোটের' ভিপি প্রার্থী সাদিক কায়েম ও জিএস প্রার্থী এস এম ফরহাদ, স্বতন্ত্র প্যানেলের জিএস প্রার্থী রাকিবুল ইসলাম শিক্ষার্থীদের মাঝে প্রচার চালান।

ডাকসু ভবনের সামনে প্রচার চালান 'ডাকসু ফর চেঞ্জ' এর ভিপি প্রার্থী বিন ইয়ামিন মোল্লা। পরে তিনি নির্বাচনী ইশতেহার ঘোষণা করেন। শিক্ষার্থীদের মধ্যেও এক ধরনের উৎসাহ দেখা গেছে। কয়েকজন শিক্ষার্থী একসঙ্গে হলেই আলোচনার কেন্দ্রবিন্দু ডাকসু নির্বাচন। কার জনপ্রিয়তা কতটুকু, কে কতটুকু শিক্ষার্থীবান্ধব সে বিশ্লেষণ করছেন তারা।

সামাজিক বিজ্ঞান বিভাগের শিক্ষার্থী নাজমুল ইসলাম মাসুদ বলেন,

■ এরপর পৃষ্ঠা ২ কলাম ৫

## ডাকসু নির্বাচন




ডাকসু নিয়ে আর কোনো রিট শুনবে না হাইকোর্ট

সাইবার অপরাধে ছাড় নেই কঠোর শাস্তির ঘোষণা

ভোটের বুথ ও সময় বাড়াল নির্বাচন কমিশন

এজিএস প্রার্থীদের প্রথম নির্বাচনী বিতর্ক

## আমার দেশ

# জমজমাট প্রচারে উৎসবমুখর ঢাবি

■ প্রথম পৃষ্ঠার পর

এবারের ডাকসু নির্বাচনে হাড্ডাহাড্ডি লড়াই হবে। তিনি বলেন, প্রার্থীদের শান্তিপূর্ণ প্রচারকে আমরা দারুণভাবে উপভোগ করছি।

ডাকসু ফর চেঞ্জের ভিপি প্রার্থী বিন ইয়ামিন মোল্লা বলেন, আমরা চাই, শান্তিপূর্ণ ডাকসু নির্বাচন। আগামী কয়েকদিন উৎসবমুখর পরিবেশ বজায় থাকবে।

কোনো ধরনের সাইবার অপরাধ সহ্য করা হবে না : ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচন ঘিরে কোনো ধরনের সাইবার অপরাধ সহ্য করা হবে না বলে জানিয়েছে রিটার্নিং কর্মকর্তার অফিস। এক্ষেত্রে কোনো ধরনের ছাড় দেওয়া হবে না বলেও জানানো হয়েছে। গতকাল এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের বিষয়টি প্রধান রিটার্নিং কর্মকর্তা অধ্যাপক জসীমউদ্দিনের অফিস থেকে জানানো হয়।

রিটার্নিং অফিস জানায়, ডাকসু ও হল সংসদ নির্বাচন ঘিরে প্রার্থীদের প্রচারকালে কোনো কোনো ক্ষেত্রে অতীতের কর্মকাণ্ড নিয়ে সাইবার বুলিং এবং ব্যক্তিগত চরিত্রহননের চেষ্টা চালানো হচ্ছে। বিশেষত, ছাত্রী প্রার্থীদের নিয়ে নানাভাবে সাইবার বুলিংয়ের ঘটনা ঘটছে, যা মানবাধিকার পরিপন্থি।

কারো বিরুদ্ধে এমন অভিযোগ প্রমাণিত হলে রিটার্নিং কর্মকর্তাদের ডাকসু আচরণবিধি সংক্রান্ত টাস্কফোর্স এবং সাইবার নিয়ন্ত্রণ শেলের মাধ্যমে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। পাশাপাশি সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নিতে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে বলেও জানিয়েছে রিটার্নিং অফিস।

রিটার্নিং কর্মকর্তারা স্পষ্টভাবে জানিয়েছেন, ডাকসু ও হল সংসদ নির্বাচন ঘিরে সাইবার বুলিং কিংবা অপপ্রচার বিষয়ে কোনো ছাড় দেওয়া হবে না।

**বুথ ও সময় বাড়াল নির্বাচন কমিশন :** নির্বাচন ঘিরে ভোট প্রক্রিয়া আরো সুষ্ঠু ও অংশগ্রহণমূলক করতে নতুন কিছু পদক্ষেপের ঘোষণা দিয়েছে নির্বাচন কমিশন। বৃহস্পতিবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে আয়োজিত সংবাদ ব্রিফিংয়ে প্রধান রিটার্নিং কর্মকর্তা অধ্যাপক জসীমউদ্দিন বলেন, ভোটারদের চাপ সামলাতে বুথসংখ্যা ৫০০ থেকে বাড়িয়ে ৭১০ করা হয়েছে। তিনি জানান, একই সঙ্গে ভোটের সময় এক ঘণ্টা বাড়িয়ে মোট ৮ ঘণ্টা করা হয়েছে। প্রার্থীদের কাছ থেকে পোলিং এজেন্টদের তালিকা সংগ্রহ করা হচ্ছে এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের নিয়ে একটি স্বাধীন পর্যবেক্ষক প্যানেল গঠন করা হয়েছে। তারা পুরো ভোট প্রক্রিয়া তদারকি করবেন। এ ছাড়া ভোটারদের অংশগ্রহণ বাড়াতে প্রতিটি বিভাগ ও ইনস্টিটিউটে প্রচার চালানো হচ্ছে। শিক্ষার্থীদের উদ্বুদ্ধ করা হচ্ছে যেন তারা ভোট দিয়ে নিজেদের প্রতিনিধি বেছে নেন। প্রধান রিটার্নিং কর্মকর্তা সতর্ক করে বলেন, নির্বাচনী পরিবেশ যাতে বিঘ্নিত না হয়, সে জন্য বিশেষ করে সামাজিক যোগাযোগমাধ্যমে সাইবার বুলিংয়ের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়া হবে।

জুলিয়াস সিজারের রিট খারিজ করে দিয়েছে হাইকোর্ট : ডাকসু নির্বাচনে প্রার্থিতা ও ব্যালট নম্বর পুনর্বহালের নির্দেশনা চেয়ে মো. জুলিয়াস সিজার তালুকদারের রিট শুনতে অপরাগতা প্রকাশ করেছেন হাইকোর্ট। আদালত বলেছেন, ডাকসু নির্বাচন নিয়ে আপিল বিভাগে সিদ্ধান্ত হয়েছে। আমরা ডাকসু নির্বাচন নিয়ে কোনো রিট শুনব না। বৃহস্পতিবার বিচারপতি আকরাম হোসেন চৌধুরী ও বিচারপতি ফয়েজ আহমেদের হাইকোর্ট বেঞ্চ এসব মন্তব্য করেন।

বেঞ্চের জ্যেষ্ঠ বিচারপতি আকরাম হোসেন চৌধুরী রিটকারী আইনজীবী সরদার আবুল হোসেনকে উদ্দেশ্য বলেন, ডাকসু নির্বাচন নিয়ে আগে রিট নিয়ে এসেছিল। আমরা ফিরিয়ে দিয়েছি। ডাকসু নির্বাচন নিয়ে আপিল বিভাগ ইনটারফেয়ার করেছে। তাই আমরা ডাকসু নির্বাচন নিয়ে কোনো রিট শুনব না। পরে আদালত রিট আবেদনটি কার্যতালিকা থেকে বাদ দেন। এ সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের পক্ষে আইনজীবী শিশির-মনির উপস্থিত ছিলেন।

এর আগে বুধবার ডাকসু নির্বাচনে প্রার্থিতা ও ব্যালট নম্বর পুনর্বহাল নির্দেশনা চেয়ে রিট করেন জুলিয়াস সিজার তালুকদার; যিনি ডাকসু নির্বাচনে ভিপি প্রার্থী হয়েছিলেন। চূড়ান্ত প্রার্থী তালিকায় নাম ও ব্যালট নম্বর পুনর্বহাল না করা পর্যন্ত ডাকসু নির্বাচন স্থগিতের নির্দেশনা চাওয়া হয় রিটে। ডাকসু নির্বাচনের পাশাপাশি ডাকসু হল সংসদ নির্বাচনও স্থগিতের নির্দেশনা চাওয়া হয়।

জুলিয়াস সিজার তালুকদারের নাম ও ব্যালট নম্বর চূড়ান্ত প্রার্থী তালিকা থেকে বাদ দেওয়া এবং তার বিরুদ্ধে ওঠা অভিযোগ তদন্তে বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের তিন সদস্যের তদন্ত কমিটি গঠনের সিদ্ধান্ত কেন আইনগত কর্তৃত্ববহির্ভূত ঘোষণা করা হবে না, মর্মে রুল জারির আরজি জানানো হয় রিটে।

প্রসঙ্গত, ডাকসু নির্বাচনে জুলিয়াস সিজার তালুকদার ভিপি প্রার্থী হয়েছিলেন। যাচাই-বাছাইয়ের পর গত ২৬ আগস্ট নির্বাচন কমিশন ডাকসু নির্বাচনের চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ করে। চূড়ান্ত তালিকায় ভিপি প্রার্থী হিসেবে জুলিয়াস সিজার তালুকদারের নাম ছিল। তার ব্যালট নম্বর ছিল ২৬।

চূড়ান্ত তালিকা প্রকাশের পর সলিমুল্লাহ মুসলিম হলের হাউস টিউটর ও সহকারী রিটার্নিং কর্মকর্তা নির্বাচন কমিশনে জুলিয়াস সিজার তালুকদারের বিরুদ্ধে নিষিদ্ধ ছাত্রলীগে সম্পৃক্ত থাকার অভিযোগ দেন। পরে অভিযোগের বিষয়ে নির্বাচনী আপিল ট্রাইব্যুনালে শুনানি হয়। কিন্তু নির্বাচনী আপিল ট্রাইব্যুনালে তার প্রার্থিতার বিষয়ে কোনো সিদ্ধান্ত না দিয়ে নির্বাচন কমিশনে সুপারিশ পাঠায়। সেই সুপারিশের ভিত্তিতে নির্বাচন কমিশন জুলিয়াস সিজারের প্রার্থিতা ও ব্যালট নম্বর বাদ দেয়।

অভিযোগের বিষয়ে জুলিয়াস সিজার তালুকদারকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ না দেওয়ার কথা উল্লেখ করে গত ২৭ আগস্ট চিফ রিটার্নিং কর্মকর্তাকে আইনি নোটিশ দেওয়া হয়। এতে কাজ না হওয়ায় প্রার্থিতা ফিরে পাওয়ার নির্দেশনা চেয়ে হাইকোর্টে রিট করেন জুলিয়াস সিজার।

এজিএস প্রার্থীদের নিয়ে প্রথম নির্বাচনী বিতর্ক : ডাকসু নির্বাচন সামনে রেখে শুরু হলো প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের আনুষ্ঠানিক নির্বাচনী বিতর্ক।

গতকাল বিকেলে বিশ্ববিদ্যালয়ের পায়রা চত্বরে সহ-সাধারণ সম্পাদক (এজিএস) পদপ্রার্থীদের মধ্যে এ বিতর্ক অনুষ্ঠিত হয়। ডাকসু ও হল সংসদ নির্বাচন কমিশনের উদ্যোগে এবং ঢাকা ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি (ডিউডিএস)-এর সহযোগিতায় আয়োজন করা এ অনুষ্ঠানে বিপুলসংখ্যক শিক্ষার্থী উপস্থিত ছিলেন। পায়রা চত্বর পরিণত হয় এক মিলনমেলায়। প্রার্থীরা নিজেদের ভিশন তুলে ধরেন, প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের বক্তব্যের জবাব দেন এবং সরাসরি শিক্ষার্থীদের প্রশ্নের উত্তর দেন। এতে তৈরি হয় প্রাণবন্ত পরিবেশ। বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে এ প্রথমবারের মতো ডাকসু নির্বাচনে আনুষ্ঠানিক বিতর্ক অনুষ্ঠিত হলো।

শিক্ষার্থীদের অনেকে মনে করছেন, এজিএস বিতর্ক নির্বাচনী পরিবেশকে আরো প্রাণবন্ত করে তুলেছে এবং গণতান্ত্রিক চর্চার নতুন দিগন্ত উন্মোচন করেছে। নির্বাচন কমিশনের সূচি অনুযায়ী, আগামী ৫ সেপ্টেম্বর সাধারণ সম্পাদক (জিএস) পদে এবং ৬ সেপ্টেম্বর সহ-সভাপতি (ভিপি) পদে প্রার্থীদের মধ্যে বিতর্ক অনুষ্ঠিত হবে।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

২১ ভাদ্র ১৪৩২

DU in Media

05 September 2025

# The New Age



Left-leaning Pratirodh Parshad panel candidates hold a campaign for the Dhaka University Central Students' Union elections, bringing out a rally with a festive mood, from Madhu's Canteen on the campus on Thursday. — New Age photo

## DUCSU election campaign continues in festive mood

DU Correspondent

DHAKA University witnessed a festive mood on Thursday as the candidates in the Dhaka University Central Students' Union elections and their supporters campaigned on the campus on the day for the 10th day.

The campaigners held rallies, brought out processions, distributed leaflets, and contacted the voters in person to seek votes at different faculties, dormitories and common spaces on the campus.

Despite allegations of violating the code of conduct from different panels, no untoward incident was reported on the day.

During a visit to TSC, Madhu's Canteen, arts building, central library and the social sciences faculty at around noon, candidates and their supporters were seen trying to draw the voters' attention by chanting slogans and making pledges.

The chief returning officer, professor Mohammad Zashim Uddin, said that an independent observer panel, consisting of university teachers, was being formed to ensure a free and fair DUCSU and hall union elections.

Addressing a regular briefing in front of his office at Nabab Nawab Ali Chowdhury Senate Bhaban, he said that department and institute chairmen were instructed to encourage student participation, as most of the voters this year were new.

Election conduct taskforce chief professor Golam Rabbani warned of strict action against cyber-bullying, terming it the biggest challenge for the polls.

He warned that candidacy would be cancelled if any contestant was found to be involved in cyber-bullying.

The university authorities on Thursday evening issued a notice imposing a temporary restriction to be effective from 8:00pm on September 8 to 6:00am on September 10 on public entry into the campus for security reasons regarding the elections.

At about 2:30pm, Meghmallar Bosu-led panel Pratirodh Parshad brought out a procession from Madhu's Canteen as part of its second projection meeting, chanting slogans in favour of their candidates.

The procession paraded different faculties and held several short rallies on the campus.

Bangladesh Jatiyatabadi Chhatra Dal panel members, including vice-president candidate Abid, conducted campaign on the campus.

VP candidate Sadik Kayem and GS candidate SM Farhad of Islami Chhatra Shibir's panel and other candidates campaigned in front of the arts building.

DUCSU for Change panel's VP candidate Bin Yamin Mollah campaigned in front of the DUCSU building and later announced his election manifesto.

Mohin Sarkar-led panel Samannita Shikkharthi Sangsad also announced the panel's 27-point manifesto for the elections.

Apart from leaflet distribution, candidates have also been visiting residential halls, going from room to room to seek votes, while projection meetings were held to present election pledges.

Dhaka University vice-chancellor professor Md Niaz Ahmed Khan on Wednesday night visited general secretary candidate Meghmallar Bosu, who is undergoing treatment at a private hospital, to enquire about his health condition, said a press release issued by the university's public relations office.

In its notice issued Thursday evening imposing a temporary restriction from 8:00pm on September 8 to 6:00am on September 10 on public entry into the campus, the authorities said that the university's main entry points-Shahbagh, Palashi, Doel Chattar, Shibbari Crossing, Fuller Road, Udayan School, and Nilkhet will remain closed to the general public during the period.

Individuals bearing their valid university identity cards will be allowed to enter the campus during this time.

Besides, family members of university teachers, officers, and staff will be permitted entry upon presenting a photocopy of the relevant ID card.